কলেজ পরিদর্শকের দপ্তর
২০৫ প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৫৫১৬৭৭২০, ৯৬৬১৯২০-৭০/৪০৬০
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২
ই-মেইল: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

Office of the Inspector of Colleges
205 Administrative Building
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167720, 9661920-70 /4060
Fax: 88-02-9667222
E-mail: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

স্মারক নং: ৭২০/রে.প

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ
ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ
২/১, রিং রোড, শ্যামলী
ঢাকা।

মহোদয়,

পরিদর্শন কমিটি ও ডিনস কমিটির (১৬ চৈত্র ১৪২৯/৩০ মার্চ ২০২৩) সুপারিশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটে রিপোর্ট সাপেক্ষে আপনার কলেজের ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ পর্যন্ত অধিভুক্তি নবায়ন ও পূর্ব অনুমোদন অনুযায়ী এমবিবিএস প্রোগ্রামে ৯০(নব্বই) জন, 'নার্সিং ইউনিটে' ১) বেসিক বিএসসি ইন নার্সিং প্রোগ্রামে ৫০(পঞ্চাশ) জন এবং ২) পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং প্রোগ্রামে ৩০(ত্রিশ) জন শিক্ষার্থী ভর্তির অনুমতি প্রদান করা হয়েছে। তবে কলেজ কর্তৃপক্ষকে নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই পূরণ করে জানাতে হবে :

<u>শর্তসমূহ</u>

১। অনুমোদিত আসনের অতিরিক্ত কোনো শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

২। অধ্যক্ষের নেতৃত্বে কলেজের সিনিয়র শিক্ষক ও মাননীয় উপাচার্য কর্তৃক মনোনীত গভর্নিংবডির ২(দুই) জন শিক্ষানুরাগী সদস্যকে অন্তর্ভুক্ত করে কমপক্ষে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ভর্তি কমিটি গঠন করতে হবে। ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ভর্তি কমিটি কর্তৃক নির্বাচিত তালিকা অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করতে হবে।

৩। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণ করে অনুমোদিত আসনের মধ্যে শতকরা ২(দুই) জন শিক্ষার্থীকে মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি করতে হবে। আর্থিকভাবে অস্বচ্ছল শতকরা ৫(পাঁচ) জন শিক্ষার্থীকে সরকারি মেডিকেল কলেজের অনুরূপ খরচে অধ্যয়নের সুযোগ নিশ্চিত করতে হবে।

৪। ঢাকা জেলার আদাবর থানার মোহাম্মদপুর মৌজায় কলেজের নামে ক্রয়কৃত ১৮.০৪ (আঠার দশমিক শূন্য চার) শতাংশ জমির উপর নির্মাণাধীন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন করে হাসপাতাল চালু করা এবং মোহাম্মদপুর থানার কাঁটাসুর মৌজায় ক্রয়কৃত ৭৮ (আটাত্তর) শতাংশ জমির উপর ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে কলেজের একাডেমিক ভবন, হোস্টেল ভবন এবং অন্যান্য প্রয়োজনীয় স্থাপনার নির্মাণ কাজ সম্পন্ন করে সেখানে কলেজ স্থানান্তর করার শর্ত অদ্যাবধি পূরণ করা হয়নি। সরকারি নীতিমালা অনুযায়ী ৫০(পঞ্চাশ) জন শিক্ষার্থীর আসন বিশিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ স্থাপনের জন্য মেট্রোপলিটন এলাকায় কলেজের নামে ২(দুই) একর এবং মেট্রোপলিটন এলাকার বাহিরে ৪(চার) একর জমি থাকতে হবে। একাডেমিক ভবনের জন্য অন্যূন ১,০০,০০০ (এক লক্ষ) বর্গফুট এবং হাসপাতাল ভবনের জন্য অন্যূন ১,০০,০০০ (এক লক্ষ) বর্গফুট ফ্লোর স্পেস থাকতে হবে। আসন সংখ্যা বাড়লে আনুপাতিক হারে স্থাপনা বৃদ্ধি করতে হবে। কলেজের বর্তমান অবস্থান ও ক্রয়কৃত জমিতে সরকারি নীতিমালা অনুযায়ী জমি ও ভবন নেই। জুন/২০২১-এর মধ্যে সরকারি নীতিমালা অনুযায়ী কলেজের নামে জমি ক্রয় ও সেখানে ভবন তৈরী করে কলেজ পরিচালনা করার শর্তও পূরণ করা হয়নি। ডিসেম্বর, ২০২৩-এর মধ্যে এই শর্ত পূরণ করে জানাতে হবে।

৫। কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথ শিক্ষাদানের জন্য সিনিয়র শিক্ষকসহ বিভিন্ন ক্যাটাগরির শিক্ষকের ঘাটতি রয়েছে। এমতাবস্থায় আগামী ৩(তিন) মাসের মধ্যে বিএমএন্ডডিসির নীতিমালা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসরণ করে নিম্নলিখিত শিক্ষক নিয়োগ করে অবহিত করতে হবে :

| | | |
|---|---|---|
| এনাটমি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| ফিজিওলজি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| বায়োকেমিস্ট্রি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| কমিউনিটি মেডিসিন | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ২জন |
| ফরেনসিক মেডিসিন | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ২জন |
| ফার্মাকোলজি | - সহকারী অধ্যাপক | - ২জন |
| প্যাথলজি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| মাইক্রোবায়োলজি | - সহকারী অধ্যাপক | - ২জন |

Phone: 55167720, 9661920-70/4060
Fax 88-02-9667222
E-mail du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd



সার্জারী - সহযোগী অধ্যাপক - ১জন

দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে বিএমএন্ডডিসির নীতিমালা অনুযায়ী সরকারি মেডিকেল কলেজের অনুরূপ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের নিকট থেকে দরখাস্ত আহবান করে গভর্নিংবডির সভায় গঠিত নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিংবডি কর্তৃক উক্ত শিক্ষক নিয়োগ করতে হবে। শিক্ষক নিয়োগ কমিটিতে চিকিৎসা অনুষদের ডিন ও মাননীয় উপাচার্য কর্তৃক মনোনীত ১(এক) জন প্রতিনিধি অবশ্যই থাকতে হবে। শিক্ষকমন্ডলীতে ৬৫(পঁয়ষট্টি) বৎসরের উর্ধ্বে বয়স্ক ব্যক্তিকে পূর্ণকালীন শিক্ষক হিসেবে রাখা বা নিয়োগ করা যাবে না।

৬। পূর্ণকালীন শিক্ষকদের এই মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, তিনি অন্য কোনো প্রতিষ্ঠানে যুগপদভাবে নিয়োগপ্রাপ্ত নন। কলেজে কর্মরত সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন ভাতা প্রদান করতে হবে।

৭। কলেজের হাসপাতালে বিভিন্ন রোগের রোগী ভর্তি করে তাদের ফলপ্রসু চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। হাসপাতালে ন্যূনপক্ষে শতকরা ১৫(পনের) জন রোগীকে বিনা খরচে চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিনা খরচে রোগীদের চিকিৎসার তালিকা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে। হাসপাতালের বেড অকুপেন্সি রেট কমপক্ষে ৭০%-এ উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। স্বাস্থ্যসম্মত পদ্ধতিতে হাসপাতালের বর্জ্য অপসারণের ব্যবস্থা থাকতে হবে।

৮। উপরের ৪, ৫, ৬ ও ৭ নং শর্ত নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে পূরণ করতে ব্যর্থ হলে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কলেজে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটকে প্রাইভেট লিমিটেড কোম্পানী হিসেবে পরিচালনা করার সুযোগ নেই। উপরের ৪নং শর্তে বর্ণিত কলেজের নামে ক্রয়কৃত জমির দলিল দু'টিতে ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ প্রাইভেট লিমিটেড লিখিত হয়েছে। তাই উক্ত দলিল দু'টি সংশোধন করে সংশোধিত দলিলের কপি জমা দিতে হবে।

১০। বিদেশী শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সিলেকশন কমিটির মাধ্যমে তাদের সার্টিফিকেট যাচাই-বাছাই করে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত বিদেশী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট, ভিসা, এনআইডি এবং উভয় দেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ফটোকপি রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে।

১১। কলেজের নার্সিং ইউনিটে ন্যূনপক্ষে শতকরা ৫(পাঁচ) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে ফ্রি-স্টুডেন্টশীপ প্রদান করতে হবে।

১২। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমএন্ডডিসি) নীতিমালা অনুযায়ী কলেজে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তিকে সহকারী অধ্যাপক পদে নিয়োগ দিতে হবে। এমবিবিএস ডিগ্রিধারী ব্যক্তিকে সহকারী অধ্যাপক পদে নিয়োগ দেয়া যাবে না।

১৩। নার্সিং ইউনিটে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের যথাযথ শিক্ষাদানের স্বার্থে কোর্স দু'টির সিলেবাসে অন্তর্ভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনপক্ষে ১(এক) জন করে সহযোগী/সহকারী অধ্যাপক এবং ৪(চার) জন করে পূর্ণকালীন প্রভাষক নিয়োগ দিতে হবে।

১৪। নার্সিং ইউনিটের নার্সিং ল্যাব, নিউট্রিশন ল্যাব, মাইক্রোবায়োলজি ল্যাব, মিডওয়াইফারী ল্যাব আরো সমৃদ্ধ করতে হবে।

১৫। শিক্ষার্থী ভর্তি, পুনঃভর্তি, বদলি ভর্তি, শূন্য আসনে ভর্তি, আসন সংখ্যা এবং সংশ্লিষ্ট সকল বিষয়ে বিশ্ববিদ্যালয়ের নিয়মনীতি ও বিধি-বিধান মেনে চলতে হবে।

১৬। কলেজে স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষকের বিশেষ করে বেসিক সাইন্স বিষয়সমূহের শিক্ষকের সংকট নিরসনে শিক্ষকদের উচ্চতর ডিগ্রি অর্জনের সহায়তা দানের ব্যবস্থা হিসাবে তাঁদেরকে সবেতনে শিক্ষা ছুটি প্রদান অব্যাহত রাখতে হবে।

১৭। কলেজটিকে কোনক্রমেই লাভজনক প্রতিষ্ঠান হিসাবে বা লিমিটেড কোম্পানী হিসাবে বিবেচনা করা যাবে না। কলেজের যাবতীয় আয়-ব্যয় কলেজের নামে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে। উক্ত ব্যাংক হিসাব কলেজ গভর্নিংবডির চেয়ারম্যান ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

১৮। কলেজের সংরক্ষিত তহবিল চলতি শিক্ষাবর্ষের মধ্যে ১,৮০,০০,০০০/-(এক কোটি আশি লক্ষ) টাকায় উন্নীত করে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের নিকট থেকে এ মর্মে সার্টিফিকেট প্রদান করতে হবে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত এই অর্থ উঠানো বা ভাঙ্গানো যাবে না।

১৯। কলেজে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের বিএমএন্ডডিসি'র নিবন্ধন কার্য যথাসময়ে সম্পন্ন করার লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জানাতে হবে।

২০। কলেজ গ্রন্থাগারের আয়তন সম্প্রসারণ করে বেসিক সায়েন্স ও ক্লিনিক্যাল বিষয়ের আরও পাঠ্য ও সহায়ক পুস্তক সংগ্রহ করতে হবে এবং চিকিৎসা বিষয়ক ১০(দশ)টি আন্তর্জাতিক মানের জার্নাল নিয়মিতভাবে সরবরাহ নিশ্চিত করতে হবে। গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্ণার ও শিক্ষক কর্ণার স্থাপন করতে হবে।

২১। কলেজ গভর্নিংবডির বিশেষ সভা ব্যতীত বছরে কমপক্ষে ৪টি সভা অনুষ্ঠিত হতে হবে।

২২। কলেজের জনবল কাঠামো এবং চাকুরী বিধি জমা দেয়ার শর্ত পূরণ হয়নি। আগামী ৩(তিন) মাসের মধ্যে এই শর্ত পূরণ করে জানাতে হবে।

২৩। প্রত্যেক অর্থ বছর সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে কলেজের আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী এবং নিরীক্ষা রিপোর্ট প্রেরণ করতে হবে।

কলেজ পরিদর্শকের দপ্তর
২০৫ প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
ই-মেইল: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

**Office of the Inspector of Colleges**
205 Administrative Building
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167720, 9661920-70/4060
Fax: 88-02-9667222
E-mail: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd



২৪। পত্র প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে নিম্নলিখিত ডকুমেন্টস জমা দিতে হবে :

ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিএমএন্ডডিসির সর্বশেষ নবায়নপত্রের কপি;
খ) কলেজের একাডেমিক এবং হাসপাতাল ভবনের লে-আউট প্ল্যানের কপি;
গ) ব্যাংক হিসাবের মাধ্যমে কলেজে কর্মরত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
ঘ) হাসপাতালের লাইসেন্স নবায়নের হালনাগাদ কপি;
ঙ) হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে রোগী ভর্তির সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
চ) ১৫% গরীব রোগীকে চিকিৎসা প্রদানের ১(এক) বছরের ডকুমেন্ট;
ছ) হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে ভর্তিকৃত রোগীদের অপারেশনের সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
জ) কলেজের নিজস্ব নামে মোট জমির পরিমাণ উল্লেখপূর্বক দলিলের সার্টিফাইড কপি ও কলেজের নামে নামজারির কপি।

২৫। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী যথাসত্বর কলেজে যৌন হয়রানি ও নিপীড়নরোধে 'অভিযোগ কমিটি' গঠন করে গঠিত কমিটির সদস্যবৃন্দের বিস্তারিত ঠিকানাসহ নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে :

a) In all work places and educational institutions in both public and private sectors, the Concerned Authority will constitute a Complaint Committee in order to receive complaints, and to conduct investigation and make recommendations.
b) The Complaint committee will have minimum five members and majority of the members will be women. The head of the Complaint Committee should be a women, if available.
c) The Complaint Committee should have at least two members from outside the organization concerned, preferably from organization working on gender issues and sexual abuse.

২৬। উপরে বর্ণিত শর্তসমূহ পূরণ করে যথাসময়ে অবহিত করতে হবে এবং কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নের জন্য নির্ধারিত নবায়ন ফি ও শর্ত পূরণের বিস্তারিত বিবরণসহ শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই আবেদন করতে হবে। এরপর কলেজের অধিভুক্তি নবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত,

কলেজ পরিদর্শক
ঢাকা বিশ্ববিদ্যালয়